গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-১)
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.১১.০০৩.২১-৮৬

তারিখ : ২৮ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

# বিজ্ঞপ্তি

**বিষয়: সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের "সহকারী শিক্ষক/ শিক্ষিকা পদে নিয়োগের জন্য বিপিএসসি কর্তৃক গত ২৯.১২.২০২০ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১৭.০০১.২০-১৭ নং স্মারকে সুপারিশপ্রাপ্ত সহকারী শিক্ষক/ শিক্ষিকাগণের প্রাক চাকুরি বৃত্তান্ত যাচাই ফরম পুরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের গত ২৯.১২.২০২০ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১৭.০০১.২০-১৭ নং স্মারকে সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীগণকে এ বিভাগের ওয়েবসাইট (www.shed.gov.bd) থেকে প্রাক চাকুরি বৃত্তান্ত যাচাই ফরম ডাউনলোড করে পূরণপূর্বক ০৪ (চার) সেট আগামী ২২/০২/২০২১ খ্রি. তারিখের মধ্যে সহকারী পরিচালক (মাধ্যমিক-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এঁর অফিস কক্ষে জমা দেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

সংযুক্তি: প্রাক চাকুরি বৃত্তান্ত যাচাই ফরম ০২ (দুই) পাতা।

১১/০২/২০২১
মোহাম্মদ আলমগীর হোসেন
সিনিয়র সহকারী সচিব
ই-মেইল ds_sec1@moedu.gov.bd

**বিতরণ (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়।

# প্রাক্ চাকুরি বৃত্তান্ত যাচাই ফরম [পুলিশ ভেরিফিকেশন ফরম]

| প্রার্থী যে পদে নিযুক্ত হবেন সে পদের নাম :<br>(কমিশন যথাসময়ে পূরণ করবে) |
|---|
| **প্রথম ভাগ [প্রার্থী নিজে পূরণ করবেন]:** |
| ১. প্রার্থীর পুরা নাম (ডাক নামসহ স্পষ্টাক্ষরে ): |
| ২. জাতীয়তা: |
| ৩. পিতার পুরা নাম ও চাকরিতে থাকলে<br>(ক) পদের নাম:<br>(খ) জাতীয়তা: |
| ৪. স্থায়ী ঠিকানা (বি.পি.এস.সি ফরম-১<br>এর সাথে সামঞ্জস্য রেখে): |
| ৫. বর্তমান বাসস্থানের ঠিকানা: |

৬. প্রার্থী যেসব স্থানে বিগত পাঁচ বছরে ছয় মাসের অধিক অবস্থান করেছেন সে সব স্থানের ঠিকানা:

| ক্রমিক নম্বর | ঠিকানা | তারিখ হতে | তারিখ পর্যন্ত |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| ৩. | | | |

৭. জন্ম তারিখ (মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পরীক্ষার সার্টিফিকেট অনুযায়ী):

৮. জন্মস্থান (গ্রাম, থানা/উপজেলা, জেলা ইত্যাদি উল্লেখ করতে হবে):

৯. প্রার্থী ১৫ (পনের) বছর বয়স হতে যেসব বিদ্যালয়, মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় অধ্যয়ন করেছেন সে সব শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও বছর উল্লেখপূর্বক শিক্ষাগত যোগ্যতা:

| বিদ্যালয়, মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয় ইত্যাদির নাম | এস,এস,সি/এইচ,এস,সি/অনার্স/মাস্টার্স ডিগ্রির রেজি: নম্বর/রোল নম্বর | ভর্তির তারিখ/ বৎসর/সেশন | পরিত্যাগের তারিখ/বৎসর |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

১০. কোন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/স্থানীয় সরকারের সংস্থাসহ বেসরকারী প্রতিষ্ঠানে প্রার্থী পূর্বে চাকুরি করে থাকলে/বর্তমানে কর্মরত থাকলে তার পূর্ণ বিবরণ ও ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে পরিত্যাগের কারণ:

| ক্রমিক নম্বর | নিয়োগকারী অফিস/ব্যবসা প্রতিষ্ঠান এর নাম | তারিখ হতে | তারিখ পর্যন্ত | কর্মরত থাকলে (কর্মরত লিখতে হবে) | পরিত্যাগ করলে (পরিত্যাগের কারণ) |
|---|---|---|---|---|---|
| ১. | | | | | |
| ২. | | | | | |
| ৩. | | | | | |
| ৪. | | | | | |

বাংলাদেশ সেনাবাহিনীর অধীনে প্রার্থী পূর্বে চাকুরি করে থাকলে, অব্যাহতি সার্টিফিকেটে লিপিবদ্ধ চাকুরির মেয়াদ, কী কী দায়িত্ব পালন করেছেন এবং চাকুরি ও আচার-ব্যবহার সম্পর্কিত রিপোর্টের সংশ্লিষ্ট বিবরণাদি উল্লেখ করতে হবে।

১১. প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা কিনা (হ্যাঁ/না)......................
[শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হলে সেই মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতার মুক্তিযোদ্ধার সার্টিফিকেট এর সত্যায়িত কপি সঙ্গে দিতে হবে]

১২. ক. প্রার্থী প্রতিবন্ধী কিনা (হ্যাঁ/না)........................
[প্রতিবন্ধী কোটার প্রার্থী হলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি সঙ্গে দিতে হবে]

খ. প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত প্রার্থী কিনা (হ্যাঁ/না).........................
[প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত প্রার্থী হলে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি সঙ্গে দিতে হবে]

গ. প্রার্থী তৃতীয় লিঙ্গের কিনা (হ্যাঁ/না)........................
[তৃতীয় লিঙ্গ কোটার প্রার্থী হলে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি সংগে দিতে হবে]

**টীকা: সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষকে সন্তুষ্ট হতে হবে যে, বর্ণিত ভুতপূর্ব সামরিক কর্মচারিদের অব্যাহতি সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধার ও প্রতিবন্ধী প্রার্থী কর্তৃক দাখিলকৃত সার্টিফিকেট যথাযথ এবং সন্তোষজনক।**

১৩. ফৌজদারি, রাজনৈতিক বা অন্য কোনো মামলায় গ্রেফতার, অভিযুক্ত বা দন্ডিত এবং নজরবন্দী বা বহিস্কার হয়েছেন কিনা, হয়ে থাকলে তারিখসহ পূর্ণ বিবরণ দিতে হবে:

১৪. নিকট আত্মীয়-স্বজনের কেউ অর্থাৎ ভাই, ভগ্নি, আপন চাচা, শ্বশুরের দিকের নিকট আত্মীয়-স্বজন বাংলাদেশ সরকারের চাকরিতে নিযুক্ত থাকলে, পদের নাম ও কর্মস্থান উল্লেখপূর্বক পূর্ণ বিবরণ:

| ক্রমিক নম্বর | আত্মীয়-স্বজনের নাম | পদের নাম | কর্মস্থল |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| ৩. | | | |

১৫. প্রার্থীর চরিত্র ও পূর্ণ পরিচয় সম্পর্কে সাক্ষ্য দিতে পারেন কিন্তু প্রার্থীর সাথে আত্মীয় সূত্রে আবদ্ধ নন এমন দু'জন গণ্যমান্য ব্যক্তির ঠিকানাসহ নাম:

| ক্রমিক নম্বর | নাম | ঠিকানা |
|---|---|---|
| ১. | | |
| ২. | | |

১৬. বিবাহিত বা অবিবাহিত (বিবাহিত হলে বা বিবাহের প্রস্তাব থাকলে যাকে বিবাহ করা হয়েছে বা বিবাহ করার প্রস্তাব রয়েছে তার জাতীয়তা উল্লেখ করতে হবে ):

আমি শপথপূর্বক বলছি যে, ওপরে প্রদত্ত বিবরণসমূহ আমার জানামতে সঠিক। মিথ্যা তথ্যের জন্য প্রার্থিতা/পরীক্ষা বাতিলসহ আমার বিরুদ্ধে প্রযোজ্য অন্যান্য ব্যবস্থা নেওয়া যেতে পারে।

প্রার্থীর স্বাক্ষর ও তারিখ

**প্রেরণকারী অফিসারের স্বাক্ষর ও পদবি এবং পুরা ঠিকানাসহ অফিসের নাম ও তারিখ**

**দ্বিতীয় ভাগ:**

[জেলা স্পেশাল পুলিশ সুপারিনটেনডেন্ট/বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ পূরণ করবেন]

---

উপযুক্ত:

নিম্নোক্ত কারণের জন্য অনুপযুক্ত:

স্থান: ...........................................

তারিখ: ........................................

-----------------------------------------
পুলিশ সুপারিনটেন্ডেন্ট, জেলা স্পেশাল ব্রাঞ্চ/
ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ,
স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ

---

টীকা: প্রত্যয়নে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোনো কিছু না পাওয়া গেলে জেলা স্পেশাল ব্রাঞ্চের পুলিশ সুপারিনটেনডেন্ট বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ জবাবসহ এই ফরমটি প্রেরণকারী কর্তৃপক্ষের নিকট সরাসরি ফেরত পাঠাবেন।

কিন্তু যদি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে রেকর্ডে কোন তথ্য পাওয়া যায় তাহলে জেলা স্পেশাল ব্রাঞ্চের পুলিশ সুপারিনটেনডেন্ট বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চের এডিশনাল ইন্সপেক্টর জেনারেল অব পুলিশের মাধ্যমে জবাবসহ এই ফরমটি প্রেরণকারী কর্তৃপক্ষের নিকট ফেরত পাঠাবেন।

প্রতিস্বাক্ষরিত.....................................
এডিশনাল ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ,
স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ, ঢাকা